

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো  
এফএ এন্ড এমআইএস  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

০৮০৩/২০১৭  
টেক্সন্ট


নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬- ৭২০

তারিখ: ২৮, MV'৩/১-১৮২৬  
০২, ২/৮-২০১৭  
বঙ্গাব্দ  
খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱোর এফএ এন্ড এমআইএস এর আরডিপি শাখার টেকনিক্যাল অপারেটর জনাব মোঃ মোশারেফ হোসেন তালুকদার গত ০৬-০৩-২০১৬ তারিখ সম্পূর্ণ অন্যায়ভাবে আরডিপি-র প্রিন্টার ও অন্যান্য সম্পদ ব্যবহার করে দেশে চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনে তনৎ দাঙ্গিয়াল ইউনিয়ন পরিষদ এর ৭ নং ওয়ার্ডের মেষ্ঠার পদপ্রাপ্তী জনৈক মোঃ আজিজ হাওলাদার এর টিউবওয়েল মার্কার প্রায় ৮০০ (আটশত) কপি ফুল ডিমাই অফসেট কাগজে পোস্টার মুদ্রণের কাজের নির্দেশ দেন এবং উক্ত মুদ্রণ কাজে অংশগ্রহণ করার দায়ে তাকে অফিস আদেশ নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-৯০১, তারিখ: ১৫-০৩-২০১৬ মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং স্মারক নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-১০১৬, তারিখ: ২৪-০৩-২০১৬ অনুযায়ী তার বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয় (নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-১৩২৫, তারিখ: ২৮/০৮/২০১৬ খ্রি.)। অভিযোগনামার জবাব এবং তার ব্যক্তিগত শুননীর বক্তব্য পর্যালোচনায় অসদাচরণ এর জন্য দোষী স্বাক্ষর হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক তার নিয়োগকারী কর্তৃপক্ষ মহাপরিচালক, বিবিএস এর স্বাক্ষরে জনাব মোঃ মোশারেফ হোসেন তালুকদারকে তার বেতন ক্ষেত্রে নিয়ন্ত্রণে অবনম্নিতকরণ করা হয় এবং বিভাগীয় মামলার নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-১৩২৫, তারিখ: ২৮/০৮/২০১৬ খ্রি. এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয় ও তার সাময়িক বরখাস্তের অফিস আদেশ নং ৫২.০১.০০০০.১০১.২৭.৯২৩.১৬-৯০১, তারিখ: ১৫-০৩-২০১৬ প্রত্যাহারপূর্বক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদান না করার শর্তে ১৫-০৩-২০১৬ খ্রি. তারিখ হতে স্বপ্নে পুনঃবহাল করা হয়। তিনি ০১-০৭-২০১৬ খ্রি, তারিখ শাস্তির আদেশ গ্রহণ করেন।

০১। জনাব মোঃ মোশারেফ হোসেন তালুকদার, টেকনিক্যাল অপারেটর তার শাস্তি মওকুফের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ৩মাস ২৬ দিন পর গত ২৭/১১/২০১৬ খ্রি, তারিখ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর আপীল করেন। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলায় আদেশের বিরুদ্ধে বিধি ১৮ অনুযায়ী আপীলের সময়সীমার বিষয়ে উল্লেখ রয়েছে, যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইবে সেই আদেশ সম্পর্কে আপীলকারীকে অবহিত করার তারিখ হতে তিন মাসের মধ্যে আপীল দায়ের করা না হইলে অথবা বিলবের যুক্তিসংগত কারণ উল্লেখ করা না হলে এই অংশের অধীনে কোন আপীল গ্রহণযোগ্য হবে না। বর্তিবাস্থায় আবেদনকারী জনাব মোঃ মোশারেফ হোসেন তালুকদার, টেকনিক্যাল অপারেটর এর আপীল সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২০ (বি) অনুযায়ী আপীল গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট অগ্রায়ণ করা সম্ভুর হলো না।

  
মোঃ আসীফুর হোসেন  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোন নং ৯১১২৫৮৯  
E-mail: dg@bbs.gov.bd

### বিতরণঃ সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যালো

- ১। পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন/বিগিক/সমন্বয়/ফিল্ড প্রশাসন/আরডিপি), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, বিবিএস, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ৭। স্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ৮। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- ৯। জনাব মোঃ মোশারেফ হোসেন তালুকদার, টেকনিক্যাল অপারেটর, আরডিপি শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ১০। হিসাব শাখা (আরডিপি), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ১১। ব্যক্তিগত নথি।
- ১২। অফিস কপি/গার্ড নথি।